রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, সেপ্টেম্বর ৩, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ ভাদ্র ১৪২১ বঙ্গাব্দ/৩১ আগস্ট ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২২২-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর—

(অ) দফা (ক) এর পর নিম্নরূপ দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(কক) "কম্পিউটারে বেসিক ট্রেনিং" অর্থ মাইক্রোসফট ওয়ার্ড, মাইক্রোসফট এক্সেল, মাইক্রোসফট এক্সেস, মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট ও ট্রাবল শুটিং-এ ট্রেনিং;";

এবং

(আ) দফা (চ) এর পর নিম্নরূপ দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(চচ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);";

(খ) বিধি ৩ এর উপ-বিধি (২) এর কোলনের পরিবর্তে দাঁড়ি প্রতিস্থাপিত হইবে এবং শর্তাংশ বিলুপ্ত হইবে;



**মূল্য ঃ** টাকা ১৬.০০

(গ) বিধি ৫ এর উপ-বিধি (১) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্ত সন্নিবেশিত হইবে, যথা :—

"তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি এবং দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।";

(ঘ) বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি ৭ সংযোজিত হইবে, যথা :—

"**৭। বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।"; এবং

(ঙ) তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা :—

**তফসিল**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | পরিচালক | ৫০ বৎসর (বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য) | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগ যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপ-পরিচালক (আরকাইভস) অথবা চীফ বিবলিওগ্রাফার/উপ-পরিচালক পদে অন্যূন ১০ (দশ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কোন প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে গবেষণামূলক প্রবন্ধের প্রকাশনা থাকিলে তাহাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | উপ-পরিচালক (আরকাইভস) | ৪০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগ যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী গ্রন্থাগার পরিচালক বা বিবলিওগ্রাফার বা সহকারী পরিচালক বা গবেষণা কর্মকর্তা বা প্রোগ্রামিং অফিসার বা মাইক্রোফিল্ম অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) আরকাইভস এবং রেকর্ডস ব্যবস্থাপনায় অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে আরকাইভস প্রশাসনে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৩) | চীফ বিবলিওগ্রাফার/ উপ-পরিচালক | ৪০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগ যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী গ্রন্থাগার পরিচালক বা বিবলিওগ্রাফার বা সহকারী পরিচালক বা গবেষণা কর্মকর্তা বা প্রোগ্রামিং অফিসার বা মাইক্রোফিল্ম অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে বিবলিওগ্রাফী বিষয়ে অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | প্রোগ্রামার | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুসারে। | | |
| (৫) | সহকারী গ্রন্থাগার পরিচালক | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরিয়ান পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি অথবা লাইব্রেরিয়ান ও সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (লাইব্রেরি) পদে মোট অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (৬) | বিবলিওগ্রাফার | ৩০ বৎসর | (ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরিয়ান পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি অথবা লাইব্রেরিয়ান ও সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (লাইব্রেরি) পদে মোট অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭) | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (আরকাইভস) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রথম শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (৮) | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (আরকাইভস) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯) | প্রোগ্রামিং অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে;<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্বীকৃত ইনস্টিটিউট হইতে কম্পিউটার প্রোগ্রামিং এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (১০) | মাইক্রোফিল্ম অফিসার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকুরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন অথবা পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন অথবা পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিদ্যায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১১) | জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>মাইক্রোফিল্ম অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসর চাকুরিসহ পদার্থ বিজ্ঞান অথবা রসায়ন বিষয়সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রি।<br>**সরাসিরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান অথবা রসায়ন বিষয়সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (১২) | লাইব্রেরিয়ান | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (লাইব্রেরি) পদে অন্যূন ৪ (চার) বৎসর চাকুরি। |
| (১৩) | সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (আরকাইভস) | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>জুনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (আরকাইভস) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (১৪) | সিনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (লাইব্রেরি) | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>জুনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (লাইব্রেরি) পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৫) | কম্পিউটর অপারেটর | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুসারে। | | |
| (১৬) | অফিস সুপারিনটেনডেন্ট | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>স্টোর এসিসট্যান্ট/উচ্চমান সহকারী অথবা উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (১৭) | প্রধান সহকারী | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>স্টোর এসিসট্যান্ট/উচ্চমান সহকারী অথবা উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (১৮) | হিসাব রক্ষক | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (১৯) | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২০) | জুনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (আরকাইভস) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়সহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (২১) | জুনিয়র টেকনিক্যাল এসিসট্যান্ট (লাইব্রেরী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (২২) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (২৩) | স্টোর এসিসট্যান্ট/ উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি। |
| (২৪) | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি। |
| (২৫) | মাইক্রোফিল্ম অপারেটর | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ল্যাবরেটরি সহকারী বা লেমিনেশন মেশিন অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি এবং রিপ্রোগ্রাফি কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৬) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| (২৭) | হস্তলিপি সহকারী | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক/বুক সর্টার বা রেকর্ড সর্টার বা মেন্ডার কাম বাইন্ডার পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরিসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট;<br>(খ) বাঁধাই কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (২৮) | ল্যাবরেটরি সহকারী | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক/বুক সর্টার বা রেকর্ড সর্টার বা মেন্ডার কাম বাইন্ডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে পদার্থ বিজ্ঞানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট;<br>(খ) সংশ্লিষ্ট কাজে কমপক্ষে অন্যূন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (২৯) | লেমিনেশন মেশিন অপারেটর | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক/বুক সর্টার বা রেকর্ড সর্টার বা মেন্ডার কাম বাইন্ডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩০) | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। |
| (৩১) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরি ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| (৩২) | ড্রাইভার | Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুসারে। | | |
| (৩৩) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরি ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। | | |
| (৩৪) | ডেসপাচ রাইডার | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরি ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| (৩৫) | লিফট অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) লিফট চালনায় ও সার্ভিসিং কাজে বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১ (এক) বৎসরের ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে :<br>তবে শর্ত থাকে যে, ১৯ নং স্কেল পদধারীদের ক্ষেত্রে দফা (খ) এর বিধান প্রযোজ্য হইবে না। |
| (৩৬) | মেন্ডার কাম বাইন্ডার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি। |
| (৩৭) | অফিস সহায়ক/ বুক সর্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| (৩৮) | রেকর্ড সর্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৯) | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| (৪০) | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সুস্বাস্থ্যের অধিকারী। |
| (৪১) | অফিস সহায়ক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরি ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| (৪২) | মেশিন কাম বাইন্ডার (আউট সোর্সিং) | "আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| (৪৩) | অফিস সহায়ক (আউট সোর্সিং) | "আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী।"। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রণজিৎ কুমার বিশ্বাস,** এনডিসি
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd